



বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর
Bangladesh Rice Research Institute, Gazipur
Telephone: PABX- (02) 9257401-5, Fax: 9262734, E-mail, brrihq@bdonline.com

Date: 1 July, 2007

প্রেস বিজ্ঞপ্তি
ব্রি'র জলাবদ্ধতা দূরীকরণ অভিযান শুরু

আজ (রোববার ১ জুলাই ২০০৭) থেকে গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)-এর জলাবদ্ধতা দূরীকরণ অভিযান শুরু হয়েছে।


জেলা প্রশাসন, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এবং ব্রি'র সহযোগিতায়-গাজীপুর পৌরসভা এ কার্যক্রমের সূচনা করেছে।

এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখেন ব্রি'র মহাপরিচালক ড. মো. নূর-ই-এলাহী, গাজীপুরের জেলা প্রশাসক সৈয়দ মিজানুর রহমান, পৌরসভার চেয়ারম্যান এডভোকেট অসম মোজাম্মেল হক। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ব্রি ও বারির পরিচালক যথাক্রমে ড. বি এ এ মুস্তাফি এবং মো. নাসির উদ্দিন।

ব্রি, বারি এবং পৌরসভার প্রায় দেড় শ' শ্রমিক-কর্মচারী স্বেচ্ছশ্রম ভিত্তিক জলাবদ্ধতা দূরীকরণ কার্যক্রমে অংশ নেন।

ব্রি'র ৪৫ হেক্টর জমির বেশির ভাগ জুড়ে গত কয়েক বছর ধরে জলাবদ্ধতার সমস্যা স্থায়ী রূপ নেয়ায় ইনস্টিটিউটের গবেষণা কাজ বিঘ্নিত হচ্ছে। পর্যাপ্ত পানি নিষ্কাশন ব্যবস্থা ছাড়া অপরিকল্পিত নির্মাণ কাজই ব্রিতে এ জলাবদ্ধতা সৃষ্টির মূল কারণ।

উদ্যোগেরা জানান, জলাবদ্ধতা সমস্যার স্থায়ী সমাধান না হওয়া পর্যন্ত স্বেচ্ছশ্রম ভিত্তিক বর্তমান কার্যক্রম অব্যাহত থাকবে। তারা আশা করেন, একই কার্যক্রম দেশের অন্যান্য স্থানের জন্য একটি অনুসরণীয় দৃষ্টান্ত হতে পারে।



(মনোরঞ্জন মণ্ডল)

প্রযুক্তি সম্পাদক ও প্রধান

প্রকাশনা ও জনসংযোগ বিভাগ

